চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

২৩.০২.১৫৬৫.৩৪১.১১.০০১.২০.

২২ শ্রাবণ ১৪২৭
২৭ জুলাই ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

চিটাগাং ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল), বাংলাদেশ নৌবাহিনী, পোঃ বক্স নং-২০০৭ (বন্দর), পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম এর জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী (কাজ নেই বেতন নেই) ভিত্তিতে ৮৯ দিনের নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট থেকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | নিরাপত্তা প্রহরী | ০৩ | অনুর্ধ্ব - ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | ন্যূনতম ৮ম শ্রেণি পাস এবং সশস্ত্র বাহিনী/কোস্ট গার্ড/ পুলিশ/বিজিবি/ আনসার এ চাকরির অভিজ্ঞতা। |
| ২. | ফায়ার ইসপেক্টর | ০১ | অনুর্ধ্ব - ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | স্নাতক ডিগ্রি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা এবং ফায়ার অ্যান্ড সেইফটি সংক্রান্ত প্রশিক্ষণ। |
| ৩. | ফায়ার ওয়াচম্যান | ০২ | অনুর্ধ্ব - ৩০বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | ন্যূনতম ৮ম শ্রেণি এবং অগ্নি নির্বাপণ কাজে প্রশিক্ষণ/অভিজ্ঞতা থাকতে হবে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৪. | দক্ষ শ্রমিক (পাইপ ফিটার) | ০১ | অনুর্ধ্ব - ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | ন্যূনতম ৮ম শ্রেণি পাশ এবং ০৫ বছরের কাজের অভিজ্ঞতা/ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে ট্রেড কোর্স পাশ এবং ০৪ বছরের কাজের অভিজ্ঞতা/কারিগরি বোর্ড হতে ন্যূনতম এসএসসি পাশ এবং ০২ বছরের কাজের অভিজ্ঞতা/ন্যূনতম এসএসসি পাশ ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে ট্রেড কোর্স পাশ এবং ০২ বছরের কাজের অভিজ্ঞতা। |

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়ঃ ০৯ আগস্ট ২০২০ ইং বিকাল ৫.০০ ঘটিকা।

বিশেষ দ্রষ্টব্যঃ

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
২। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।
৩। চাকরির আবেদনপত্র প্রতিষ্ঠান হতে সংগ্রহ করা যাবে। এছাড়া, প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.cddl.gov.bd/available-jobs/ থেকে নির্ধারিত আবেদন ফর্ম ডাউনলোড করে দরখাস্ত করা যাবে।
৪। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪ কপি পাসপোর্ট ছবি, সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৫। যে সকল আবেদনকারীর আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। সিডিডিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ দেওয়া হবে না।
৭। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৮। বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি বা বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/প্রত্যাহারের সর্বসত্ত্ব অধিকার সিডিডিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৯। সিডিডিএল এর চাকরি হতে বহিষ্কৃত হলে চাকরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
১০। প্রতিষ্ঠানের প্রযোজ্য শর্ত পূরণ সাপেক্ষে পরীক্ষার ফলাফল অনুযায়ী উচ্চতর বা নিম্নতর শ্রেণি/গ্রেড নির্ধারণ করা হতে পারে।
১১। অত্র প্রতিষ্ঠানে প্রচলিত ৮৯ দিন ভিত্তিক/মাস্টাররোল শ্রমিক-কর্মচারীদের জন্য প্রযোজ্য বেতন কাঠামো অনুযায়ী বেতন, ওভারটাইম ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

এম সাইফুর রহমান
ক্যাপ্টেন বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

Scanned with CamScanner